

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সাব-রেজিস্ট্রারের কার্যালয়
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং-

তারিখঃ

মুসলিম নিকাহ রেজিস্ট্রার (কাজী) নিয়োগ বিজ্ঞপ্তি

টাঙ্গাইল জেলার দেলদুয়ার উপজেলাধীন ১নং দেউলী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার (কাজী) মৃত্য বরণ করায় উক্ত শূন্য পদে ০১(এক) জন নিকাহ রেজিস্ট্রার (কাজী) সরকারি বিধি অনুযায়ী নিয়োগের স্বার্থে প্যানেল প্রস্তুতের জন্য ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও উপরুক্ত প্রার্থীদের নিকট হতে নিম্নলিখিত শর্ত অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। প্রার্থীদের যোগ্যতাঃ

ক) সরকার কর্তৃক স্বীকৃত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক নিবন্ধিত কোন মাদ্রাসা হতে ন্যূনতম আলীম পাশ হতে হবে।

খ) আবেদনপত্র গ্রহণের শেষ তারিখে প্রার্থীর বয়স কমপক্ষে ২১ এবং সর্বোচ্চ ৪৫ বছর হতে হবে।

গ) সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে।

০২। নিকাহ রেজিস্ট্রার লাইসেন্সের জন্য প্রতিটি দরখাস্ত নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম “ক” তে সংশ্লিষ্ট উপদেষ্টা কমিটির সদস্য সচিবের নিকট দাখিল করতে হবে। (ফরম “ক” সংযুক্ত করা হলো)।

ক) সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (ছবিসহ সকল সনদ পত্রাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

খ) জাতীয় পরিচয় পত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত ফটোকপি।

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ ও বিলম্বপ্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রার্থী সংশ্লিষ্ট ইউনিয়নের কোন মসজিদ, বেসরকারি স্কুল কলেজ অথবা বেসরকারি মাদ্রাসা ব্যতিত অন্য কোথাও চাকুরী করতে পারবে না।

চ) প্রার্থীর অফিস বা বৈঠকখানা থাকতে হবে।

ছ) আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ আগামী ৩১/০৭/২০২৪ইং। উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে প্রেরণ করা যাবে।

স্বা/ঃ

মোঃ সাখাওয়াত হোসেন

সাব রেজিস্ট্রার ও সদস্য সচিব

নিকাহ রেজিস্ট্রার নিয়োগ কমিটি

দেলদুয়ার, টাঙ্গাইল।

তারিখঃ ১৫/০৭/২০২৪

স্মারক নং- ১৭০(৫)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-৬ এবং উপদেষ্টা, নিকাহ রেজিস্ট্রার নিয়োগ কমিটি।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার, টাঙ্গাইল ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার নিয়োগ কমিটি (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহকারে)।

০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার নিয়োগ কমিটি। (নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহকারে)।

০৪। চেয়ারম্যান, ১নং দেউলী ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল ও সদস্য, নিকাহ রেজিস্ট্রার নিয়োগ কমিটি। (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৫। নোটিশ বোর্ড, সাব-রেজিস্ট্রারের কার্যালয়, দেলদুয়ার, টাঙ্গাইল।

০৬। অফিস কপি।

মোঃ সাখাওয়াত হোসেন

সাব রেজিস্ট্রার ও সদস্য সচিব

নিকাহ রেজিস্ট্রার নিয়োগ কমিটি

দেলদুয়ার, টাঙ্গাইল।

স্বাক্ষর
২৬/০৭/২৪
১৩৫৫
২৬/০৭/২৪

তফশীল
ফরম 'ক'
[বিধি ৯ দ্রষ্টব্য]

নিকাহ রেজিস্ট্রার লাইসেন্সের জন্য দরখাস্ত

১. প্রার্থীর নামঃ
২. পূর্ণ ঠিকানাঃ
(ক) স্থায়ীঃ-----
(খ) বর্তমানঃ-----
৩. প্রার্থীর জন্ম তারিখঃ
৪. প্রার্থীর পেশা বা চাকুরী এবং বর্তমান বেতন বা অবসর ভাতার পরিমাণ (যদি থাকে) এর বিবরণঃ
৫. প্রার্থীর পিতা ও মাতার নাম, পেশা ও ঠিকানাঃ
৬. প্রার্থীর পরিবারের বর্তমান ঠিকানাঃ
৭. অফিস হিসাবে ব্যবহারের জন্য প্রার্থীর কোন বৈঠকঘর, অফিস বা কার্যালয় আছে কি নাঃ
৮. প্রার্থী ইতিপূর্বে সরকারী চাকুরী করিয়া থাকিলে ঐ চাকুরীর বিস্তারিত বিবরণ এবং কখনও কোন চাকরি হইতে বরখাস্ত হইয়া থাকিলে তৎসংক্রান্ত বিবরণ।
৯. যাহাদের নিকট হইতে চারিত্রিক সনদপত্র সংগ্রহ করিয়া দরখাস্তের সহিত পেশ করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানাঃ
১০. আরবী, বাংলা ও মুসলিম আইনে প্রার্থীর জ্ঞান আছে কি নাঃ
১১. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পাশের সন, পরীক্ষার ফলাফল, কোন সরকারী বা বেসরকারী মাদ্রাসা হইতে সার্টিফিকেট প্রাপ্ত উহার উল্লেখসহ) এবং শিক্ষাগত যোগ্যতায় বর্ণিত সকল পরীক্ষার সনদের সত্যায়িত কপিঃ

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ-----

বিশেষ দ্রষ্টব্যঃ দরখাস্তে/ আবেদনে উল্লেখিত যে কোন ঠিকানা পরিবর্তনের সাথে সাথে সরকার এবং উপদেষ্টা কমিটির সদস্য-সচিবকে অবশ্যই অবহিত করিতে হইবে।